

৯ই ফেব্রুয়ারী ২০০৫

সংবাদ বিজ্ঞপ্তি

মিসেস সায়মা কিবরিয়ার আহ্বানে একাত্বতা প্রকাশ
বাংলাদেশ হাইকমিশনের সিডনীস্থ অস্থায়ী কার্যালয় ঘেরাও

আগামী ১০ই ফেব্রুয়ারী রোজ বৃহস্পতিবার সকাল ১২:০০টায় সিডনী নাগরিক একশন কমিটি এবং অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশ ছাত্রলীগ ও যুবলীগ এর উদ্দেশ্যে জনপ্রিয় বিরোধী নেতা প্রাক্তন অর্থমন্ত্রী এ.এস.এম. কিবরিয়াকে হত্যার প্রতিবাদে “বাংলাদেশ হাইকমিশনে সিডনীস্থ অস্থায়ী কার্যালয় ঘেরাও ও সরকারের পদত্যাগের দাবিতে স্মারকলিপি প্রদান” কর্মসূচী গ্রহন করা হয়েছে । মিসেস সায়মা কিবরিয়ার আগামী ১৩ই ফেব্রুয়ারী ২০০৫ তারিখে সকল জনগনকে রাস্তায় নেমে এ হত্যাকাণ্ড প্রতিবাদ জানানোর আহ্বানের সাথে একাত্বতা প্রকাশ করে এ কর্মসূচী নেয়া হয়েছে ।

উক্ত কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে আগামী ১০ই ফেব্রুয়ারী রোজ বৃহস্পতিবার সকাল ১২:০০টায় দলমত নির্বিশেষে সকল দেশপ্রেমিক নাগরিকদের হোমবুশ রেলস্টেশন এর সন্নিহিত সমবেত হবার জন্য অনুরোধ করা হচ্ছে । সেখান থেকে বাংলাদেশ হাইকমিশনের সিডনীস্থ কার্যালয়ে (5/9 Rochester Street, Homebush) অভিমুখে ১২:০০টা রওয়ানা দেয়া হবে ।

আরো বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ গামা আব্দুল কাদির 0402 055 444
এবং শামীম আল নোমান 0422 836 766 ।

(গামা আব্দুল কাদির)

আহ্বায়ক, নাগরিক একশন কমিটি

(শামীম আল নোমান)

বাংলাদেশ ছাত্রলীগ